সংবাদ

তারিখ ... 13 ... ১১১১ ... ৭০০৭
পৃষ্ঠা ... কলাম ... ৪

# বাংলাদেশে প্রাথমিক শিক্ষার মান আগের চেয়ে উন্নত হয়েছে : এডিবির সহায়তা অব্যাহত থাকবে

— কুনিও সেঙ্গা

প্রতিনিধি, কালিয়াকৈর (গাজীপুর)

এশিয়ান উন্নয়ন ব্যাংকের মহাপরিচালক কুনিও সেঙ্গার নেতৃত্বে ৭ সদস্যের একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল গত বৃহস্পতিবার সকালে গাজীপুরের কালিয়াকৈর উপজেলার লতিফপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও কালিয়াকৈর সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করেন। পরে লতিফপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরিচালনা কমিটির সঙ্গে মতবিনিময় করেন। শিক্ষার্থীদের শিক্ষার মান উন্নয়ন কার্যক্রম এবং পাঠদানের মান দেখে তিনি ভূয়সী প্রশংসা করেন। প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে এডিবির মহাপরিচালক কুনিও সেঙ্গা সন্তুষ্টি প্রকাশ করে বলেন, বিদ্যালয়ে ২টি শ্রেণী কক্ষ, ২ জন শিক্ষক, শিক্ষা উপকরণ, সম্পূরক শিক্ষাসামগ্রী টেক্সট বই সরবরাহ করে আসছে এবং ভবিষ্যতেও এডিবির সহযোগিতা অব্যাহত থাকার কথা ব্যক্ত করেন। তিনি কয়েকটি শ্রেণী কক্ষ পরিদর্শন করে উপস্থিত শিক্ষার্থীদের সঙ্গে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। এ সময় তার সঙ্গে সফরসঙ্গী হিসেবে উপস্থিত ছিলেন এডিবির কান্ট্রি ডিরেক্টর পল জে হেইটন, যুগ্ম প্রোগ্রাম পরিচালক চৌধুরী মুয়ার্দ আহমেদ, পিইডিপি-২ এর ডেপুটি পরিচালক তোফাজ্জল হোসেন মিয়া, ম্যানেজার আইয়াতো ইনাগাতি, গাজীপুর-১ আসনের সংসদ সদস্য ও ভূমি মন্ত্রণালয়ের সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি আলহাজ আ ক ম মোজাম্মেল হক, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান অধ্যাপিকা জায়েদা নাসরিন, ইউএনও মোরাদ কবির পৌর প্রশাসক মো. মজিবুর রহমান, প্রকৌশলী ইউনুস আলী বিশ্বাস, শিক্ষা অফিসার তাপস কুমার সরকার, এসএমসি সহ সভাপতি মো. আনসার আলী মাস্টার, প্রধান শিক্ষক মো. খলিলুর রহমান প্রমুখ। পরিদর্শন শেষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন।